What is Interview? Characteristics of interview? Discuss the significant of differents types of interview? What are the advantage & disadvantage of interview? Application or importance of interview?

গবেষণার যেকোনো পদ্ধতিতে গবেষণালব্ধ সমস্যা সমাধানের জন্য গবেষককে কিছু প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হয়। এই তথ্য সংগ্রহের জন্য যেকোনো গবেষণা কার্যের একটি গুরুত্বপূর্ণ দিক, যার মাধ্যমে এই তথ্য সংগ্রহের জন্য সম্পন্ন করা হয় তাকে গবেষণার Tools বলা হয়। যে কোনো ধরনের বাস্তবমূলক যন্ত্রের সাহায্যে অথবা কোনো কিছু পরিমাপ করতে পারি। বিজ্ঞানভিত্তিক গবেষণাতে সঠিকভাবে যা পরিমাপ করতে চাইছি তার সুষ্ঠু পরিমাপের জন্য কোনো না কোনো Tools বা যন্ত্র ব্যবহার করা হয়। তবে এক্ষেত্রে যে সকল যন্ত্র বলতে সাক্ষাৎকার, প্রশ্নাবলী, সাক্ষাৎকার (interview) ইত্যাদিকে বোঝায়। সুতরাং একথা বলা যায় যে, তথ্য সংগ্রহের মাধ্যম হল যে সকল Tools বা যন্ত্র সমূহ। সাক্ষাৎকার হল এইসব যন্ত্রের একটি মাধ্যম।

প্রত্যেক গবেষণায় সমস্যার পরিপ্রেক্ষিতেই তথ্যাবলী সংগ্রহের জন্য সাক্ষাৎকার পদ্ধতিটি ব্যবহার করে থাকেন। এই সাক্ষাৎকার হল গবেষণার কাজে জন্য ব্যবহৃত একজনের মৌখিক প্রশ্নোত্তর। যার মাধ্যমে কোনো ব্যক্তি বা গোষ্ঠীর নিকট থেকে মুখোমুখি সংলাপের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করে থাকেন। মানুষ তথ্যের সঙ্গে সম্পর্কযুক্ত হওয়ার ফলে সংগৃহীত সম্পর্ক জ্ঞাপন বেশী পছন্দ করে, তাই প্রশ্নাবলীর চেয়ে সাক্ষাৎকার অনেকবেশী গুরুত্বপূর্ণ পদ্ধতি হিসাবে বিজ্ঞানভিত্তিক গবেষণার ক্ষেত্রে তথ্য সংগ্রহের একটি উপযোগী মাধ্যম।

সাক্ষাৎকারের মধ্যে গবেষক কতকগুলি গতিশীল প্রশ্নাবলী ব্যক্তি বা গোষ্ঠীর নিকট থেকে তথ্য সংগ্রহ করার জন্য ব্যবহার করা হয়। এই সাক্ষাৎকার হল এমন একটি পদ্ধতি যার মাধ্যমে সিদ্ধান্তে পৌঁছানো যায় যার সাক্ষাৎকার গ্রহণ করা হয়, তাদের মধ্যে গড়ে তোলে এক পারস্পরিক যোগাযোগ বা প্রক্রিয়া এবং এটি হল একটি দ্বিমুখী পদ্ধতি।

Gode, Bar এবং Scates - এর মতে, "In the interview for investigational purpose the research worker is gathering data directly from others in face to face contact."

J. Francis - এর মতে, "একটি ভাল সাক্ষাৎকার গ্রহণের জন্য একটি উপযুক্ত মনস্তাত্ত্বিক পরিবেশ যে প্রেরণার সৃষ্টি হয়, এগুলির দ্বারাই সাক্ষাৎকারী সাক্ষাৎ প্রার্থীর নিকট থেকে গবেষণার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন তথ্যাবলী সংগ্রহ করে থাকেন।"

Theodore L. Torgerson - এর মতে - "সাক্ষাৎকার হল পর্যবেক্ষণকৃত পদ্ধতির কতগুলি দিকের বর্ধিত রূপ, এর মাধ্যমেই তিনি interviewer নেন, তিনি তাদের হাসিতে চিনি, তার সমস্যাটি কোথা থেকে শুরু হয়েছে, এমন কিছু জানতে পারেন।"

W.W. Charters - এবং Douglas Waple - এর মতে - সাক্ষাৎকারের মাধ্যমে একটি বিশেষজ্ঞের বৈশিষ্ট্য, নির্দিষ্ট ও পুঙ্খানুপুঙ্খ বিবরণ পাওয়া যায়। এখানে যতক্ষণ পর্যন্ত না প্রশ্নকর্তা একটি বিষয় বুঝতে পারেন ততক্ষণ পর্যন্ত তিনি মতামত প্রশ্ন করতে পারেন, তাই এর মাধ্যমে অনেক বেশী পরিমাণে সঠিক ও সত্য তথ্য সংগৃহীত হতে পারে।

Characteristics :—

বিজ্ঞানভিত্তিক গবেষণাতে সাক্ষাৎকারের বিশেষ কতগুলি বৈশিষ্ট্য রয়েছে, যেমন—

- গবেষণা কার্যের তথ্য সংগ্রহের জন্যই সাক্ষাৎকার হল একটি গুরুত্বপূর্ণ কৌশল।
- সাক্ষাৎকারের জন্য কমপক্ষে দুজন বা অতোধিক ব্যক্তির পারস্পরিক সম্পর্কের (দৈহিক) উপস্থিতি এবং আলাপচারিতা প্রয়োজন।
- সাক্ষাৎকার কতকগুলি সুনির্দিষ্ট উদ্দেশ্যের পরিপ্রেক্ষিতে ব্যক্তি বা একাধিক ব্যক্তির উপর—

Scanned with CamScanner

Interview নিয়ে থাকে।

উত্তরদাতা বা পরীক্ষার্থী সাক্ষাৎকারীর সুনির্দিষ্ট প্রশ্নাবলীর পরিপ্রেক্ষিতে লিখিত অভিব্যক্তি থেকে বিভিন্ন উত্তর দিয়ে থাকে।

তথ্য সংগ্রহের জন্য এক বা একাধিক ব্যক্তির দ্বারা সাক্ষাৎকার নেওয়া হয়ে থাকে, এবং এর জন্য প্রত্যেকটি ব্যক্তি সুনির্দিষ্ট প্রশিক্ষণ প্রয়োজন হয়।

যেহেতু যদি কোনো তথ্য সংগ্রহের উদ্দেশ্য, তাই এই জন্য সাক্ষাৎকারীদের পর্যাপ্ত ধারণা, প্রকৃতি, দক্ষতা, পেশাগত মান প্রয়োজন।

তথ্য সংগ্রহের সময় সাক্ষাৎকারীকে প্রত্যেকটি চিন্তাভাবনা করতে হয়, এবং লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে কী বস্তু কি ধরনের তিনি তথ্য সংগ্রহ করতে চায়।

তথ্য সংগ্রহের জন্য সাক্ষাৎকারী ও উত্তরদাতার মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করা হয়।

সাক্ষাৎকার পদ্ধতির মাধ্যমে প্রশ্নাবলীর গতিশীলতা লক্ষ্য থাকে।

সাক্ষাৎকারীর মাধ্যমে কোনো মনস্তাত্ত্বিক পরিবেশ ও প্রেক্ষাপট সৃষ্টি করা হয়।

Types of Interview :—

তিনটি মূল বিষয়ের ওপর ভিত্তি করে সাক্ষাৎকারকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়, এবং বিষয়গুলি হল — i) সাক্ষাৎকারীর কার্যকারিতা (Functions of Interview)
ii) সাক্ষাৎকারী অংশগ্রহণকারী ব্যক্তির সংখ্যা (Number of participants)
iii) সাক্ষাৎকারী কেন্দ্র সাক্ষাৎকারের ভূমিকার ভিত্তিতে (Roles of interviewer)

Interview

A) Functions
a) Diagnostic
b) Clinical
c) Research

B) Participants
a) Group
b) Individual
c) Single & Panel

C) Roles
a) Non-directive
b) Directive
c) Focus
d) Depth

A) বর্তমানে আমরা সাক্ষাৎকারের কার্যকারিতার ওপর ভিত্তি করে সাক্ষাৎকারকে নিম্নে আলোচনা করতে পারি।

a) Diagnostic Interview :—

সাধারণত চিকিৎসাশাস্ত্রে এমনকি বিভিন্ন সমাজকর্মীরাও এইধরনের সাক্ষাৎকার নিয়ে থাকে, এইরূপ সাক্ষাৎকারের উদ্দেশ্য, কোনো ব্যক্তির সমস্যাবলীর জন্য তার পূর্ব ইতিহাস, তার পারিপার্শ্বিক সম্পর্ক, তার ব্যক্তিগত উদ্বিগ্নতা সমূলক সমস্যা সম্পর্কে বিভিন্ন তথ্যাবলী সংগ্রহ করা।

b) Clinical Interview :—

এই সাক্ষাৎকারটি নির্ণায়ক সাক্ষাৎকারের সমপর্যায়, এইরূপ পদ্ধতিতে রোগীকে চিকিৎসাধীনের মধ্যে এমন গুরুত্বপূর্ণ সু-সম্পর্ক স্থাপন করে সু-ব্যবস্থার মাধ্যমে সাক্ষাৎকার নেওয়া হয়, অনেকসময় রোগীকে সুস্থ হওয়ার পর interview নেওয়া হয়।

c) Research :—

গবেষণাকার্যের ওপর ভিত্তি করে এইধরনের সাক্ষাৎকার নেওয়া হয়, ঐতিহাসিক, বৈজ্ঞানিক, পরিসংখ্যানমূলক ইত্যাদি গবেষণার ক্ষেত্রে প্রকল্প যাচাই করা হয়, এবং এই তথ্যাবলী সংগ্রহের একটি কৌশল হিসাবে সাক্ষাৎকারকে গ্রহণ করা হয়।

সাধারণত সাক্ষাৎকারকে দুইভাগে ভাগ করা হয়েছে, যেমন, i) ব্যক্তিগত, ii) দলগত।

a) Individual Interview :—

অনেক সময় দেখা যায়, সাক্ষাৎকার কোনো একক ব্যক্তির কাছ থেকে গ্রহণ করা হয়, যেমন আচরণ, মনোভাব, পরিস্থিতির প্রতিক্রিয়া কিছু সময়ের ব্যবধানে বারবার সাক্ষাৎকার নেওয়া হয়, যেক্ষেত্রে একজন ব্যক্তিকে নিয়ে যদি পরিবেশে সাক্ষাৎকার নেওয়া হয় এবং এক্ষেত্রে উত্তরদাতা নিজেকে সংযত রেখে বহিঃপ্রকাশ করতে পারে, স্বাচ্ছন্দ্য অনুভব

Scanned with CamScanner

করতে পারে এবং স্বতঃপ্রণোদিতভাবে উত্তর দিতে পারে। আর তার ফলে গবেষকের কাজটি বিভিন্ন তথ্যের সন্ধান করতে পারে, তাই এই ধরনের সাক্ষাৎকারকে বলা হয় একক সাক্ষাৎকার।

b) Group Interview :—

কয়েকজন দক্ষ ব্যক্তিরা 10–12 জনকে একত্রে নিয়ে একটি দল গঠন করে তাদের সামনে সমস্যাটি উপস্থাপিত করেন, যেমন দেখা যায়, তারা বিভিন্ন তথ্যের মধ্যে থেকে নিজেদের মতামত দিতে পারছে, এখানে শিক্ষার্থী একে অপরকে সাহায্য করতে পারে এবং সংগৃহীত তথ্যের পুনর্মূল্যায়ন করতে পারে, তবে দলগত সাক্ষাৎকারে কোনো একজন ব্যক্তি যদি প্রভাব বিস্তার করেন, তাহলে অন্যরা সেটাকে নিষ্ক্রিয় হয়ে পড়ে, এক্ষেত্রে সাক্ষাৎকারীকে সদা সতর্ক থাকা উচিত।

c) Single & Panel interview :—

একক এবং দলগত সাক্ষাৎকার একজন সাক্ষাৎকার বা পরীক্ষক দলগত পরীক্ষা বা সাক্ষাৎকার দ্বারা সংগঠিত হতে পারে, আবার সাক্ষাৎদাতা বা উত্তরদাতা একক বা একাধিক থাকতে পারে, এবং সাক্ষাৎকারী এক বা একাধিক থাকতে পারে, যদি কোনো বিষয় বা ব্যবহার এবং এর পর তথ্য সংগ্রহ করতে হয়, তখন একদল পরীক্ষকের প্রয়োজন হয়, সাধারণত এই পরীক্ষক দল প্রত্যেকে পৃথক পৃথকভাবে কিছু দায়, যেমন ধরা যাক, কোনো একজন সম্মানীয় শিক্ষার্থীদের গুণাবলী এবং শিক্ষাক্ষেত্রে তার অবদান সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে, এই বিষয়ের সাক্ষাৎকার গ্রহণ করতে হলে মাত্র একজন পরীক্ষক দ্বারা সম্ভব নয়, নানা বিষয়ে দক্ষ পরীক্ষক বা গবেষক চাই, যারা কাউকে হতে হবে বিশেষজ্ঞ, কেউ প্রশাসনিক, কেউ বা মনোবিদ্ কিংবা সমাজকর্মী।

c) পদ্ধতির দিক থেকে সাক্ষাৎকারকে চার ভাগে ভাগ করা হয়ে থাকে,

a) Directive interview :—

পূর্ব নির্ধারিত প্রশ্নাবলী এবং উত্তর আদর্শায়িত কৌশলের মাধ্যমে এই ধরনের সাক্ষাৎকার গ্রহণ করা হয়, এটা অনেক বেশি গঠনমূলক, পরিকল্পনামূলক বা ব্যবহারজনিত গবেষণার ক্ষেত্রে বহুল প্রচলিত।

b) Non-directive interview :—

এইরূপ সাক্ষাৎকার মনস্তাত্ত্বিক প্রকৃতির, উত্তরদাতার অন্তর্দৃষ্টি জানার জন্য এই পদ্ধতির প্রয়োগ করা হয়, তার আবেগ, মনোভাব, ব্যক্তিগত আশা-আকাঙ্ক্ষা, দুঃখ, উত্তরদাতার সক্রিয়তা এই পদ্ধতির মাধ্যমে জানা যায়, এখানে গবেষক বা পরীক্ষক মুক্ত ভাবে উত্তরদাতাকে বলার সুযোগ দেন, উত্তরদাতা যখন বলতে থাকেন তখন তাকেই বার বার বলার জন্য অনুপ্রেরণা দেবেন, যাতে বলার সাবলীলতা নষ্ট না হয়।

c) Focused interview :—

এই ধরনের সাক্ষাৎকারের বৈশিষ্ট্য অন্যান্য সাক্ষাৎকার থেকে একটু ভিন্ন প্রকৃতির, এখানে সেই সমস্ত ব্যক্তির সাক্ষাৎকার নেওয়া হয়, যারা একই ধরনের পরিস্থিতির সম্মুখীন হয়েছেন, এই ধরনের সাক্ষাৎকারে উত্তরদাতার উপর কোনোরকম প্রভাব বিস্তার করা হয় না, এখানে সমস্যা সম্পর্কিত যে প্রকল্প পরীক্ষণের জন্য কেবল সেই তথ্য সংগ্রহের প্রয়োজন হয়, সেই সম্পর্কিত প্রশ্ন করা হয়।

d) Depth Interview :—

এই ধরনের সাক্ষাৎকার হল এমন একধরনের অনুসন্ধানমূলক প্রক্রিয়া, যার মাধ্যমে ব্যক্তির অবচেতন মনে নানা বিষয় সম্পর্কে যেমন জানা যায়, তেমনি তার ব্যক্তিসত্তার মূল সত্যগুলি, যেমন প্রকৃতির মত গুরুত্বপূর্ণ বিষয়গুলিও জানা যায়, এটি একটি দীর্ঘ পদ্ধতি যেখানে উত্তরদাতাকে কোনো বিষয়ের বিশ্লেষণের জন্য মুক্ত স্বাধীনতা দেওয়া হয়, এই ধরনের সাক্ষাৎকার মুখ্য অনুসূচি বা অবচেতন কৌশল প্রভৃতির সঙ্গে ব্যবহার করা হয়, তাই এই ধরনের সাক্ষাৎকার পরিচালনা করার জন্য গবেষককে প্রশিক্ষণ নিতে হয়।

Scanned with CamScanner

Advantage of Interview :—

গবেষণা করার ক্ষেত্রে সাক্ষাৎকার পদ্ধতির কতগুলি সুবিধা রয়েছে, যেমন —

i) উচ্চতর প্রতিক্রিয়া (Higher Response) :—

লিখিত উত্তরদানের মাধ্যমে কোনো ব্যক্তি যে পরিমাণে প্রতিক্রিয়া করতে পারেন সাক্ষাৎকার প্রণালীতে তিনি অনেক বেশী উন্নত প্রতিক্রিয়া দেখাতে সক্ষম হন, কারণ এক্ষেত্রে মুখোমুখি বিনিময়-প্রতিক্রিয়ার সুযোগ থাকে।

ii) বোঝাপড়ার অভাব দূরীকরণ (Removal of Mis-understanding) :—

প্রশ্নগুচ্ছ বা অন্যান্য ক্ষেত্রে এমন কতকগুলি শব্দ (term) থাকে, যা উত্তরদাতার পক্ষে বোধগম্য নাও হতে পারে, বা ঐ ব্যাপারে তার সংশয় থেকে যেতে পারে, ফলে তিনি যে উত্তর করবেন, তার মধ্যে ভুল থেকে যেতে পারে, কিন্তু সাক্ষাৎকারে ঐ ব্যক্তি কোনো বিষয় তার কাছে বোধগম্য না হলে তিনি পুনরায় প্রশ্নকর্তার কাছে, ব্যাপারটি বুঝে নিতে পারেন। তাই এক্ষেত্রে বোঝাপড়ার পরিবেশ গড়ে ওঠে।

iii) বন্ধুত্বপূর্ণ পরিবেশ সৃষ্টি (Creation of friendly atmosphere) :—

এক্ষেত্রে সাক্ষাৎকারী সঠিক প্রতিক্রিয়া লাভের জন্য বা উত্তর লাভের জন্য একটি বন্ধুত্বপূর্ণ পরিবেশ গড়ে তুলতে পারেন এবং যা সঠিক উত্তর পাওয়ার পক্ষে অত্যন্ত জরুরী।

iv) গোপনীয়তা রক্ষা

অনেক সময় উত্তরদাতা লিখিতভাবে তার গোপন বিষয়টি উল্লেখ করতে চান না, কিন্তু সাক্ষাৎকারের ক্ষেত্রে সাক্ষাৎকারী ও উত্তরদাতার মধ্যে কার ব্যক্তিগত সম্পর্ক একটি উদ্দীপকের কাজ করে।

v) সূত্র পাওয়ার সুবিধা (Advantages of clues) :—

সাক্ষাৎকারের মাধ্যমে প্রশ্নকর্তা উত্তরদাতাকে অনুসরণ করে অনেক খুঁটিনাটি সূত্র পেতে পারেন, যার মাধ্যমে তিনি ঐ জটিল বিষয়ের জট খুলতে সক্ষম হন।

vi) ধারণার আদান-প্রদান (Exchange of ideas) :—

এক্ষেত্রে সাক্ষাৎকারী ও উত্তরদাতার মধ্যে তথ্য ও ধারণার আদান প্রদান সম্ভব। ফলে তথ্য সংগ্রহের ক্ষেত্রে তা অনেক বেশী কার্যকর।

vii) বিশেষ বিশেষ ব্যক্তির তথ্য সংগ্রহ (

কম কর্মী শিশু, অশিক্ষিত ব্যক্তি, যাদের বুদ্ধিমত্তা, মানসিক বিকার গ্রস্ত ব্যক্তি ইত্যাদির ক্ষেত্রে সাক্ষাৎকার অনেক বেশী কার্যকরী।

viii) বিশেষ বিশেষ ক্ষেত্রে গুরুত্ব :—

কোনো ব্যক্তিকে উপদেশ দানের ক্ষেত্রে কোনো বিশেষ কাজের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে চাকুরীতে ব্যক্তি নির্বাচনের ক্ষেত্রে মানসিক দিক্ষা যাতে সাক্ষাৎকারীর ব্যাপক প্রয়োগ দেখা যায়।

ix) অনুপূরক প্রশ্ন করা সম্ভব (Asking supplimentary questions) :—

সাক্ষাৎকারের মাধ্যমে উত্তরদাতা কখনোই ক্লান্তি অনুভব করেন না, কারণ এখানে পরিপূরক বা অতিরিক্ত প্রশ্ন করার সুযোগ থাকে।

x) হাতের লেখাজনিত অসুবিধা দূরীকরণ (To remove bad hand writing) :—

যাদের হাতের লেখা খারাপ, তাদের লিখিত উত্তর পত্রে ঠিকমত বিচার করা হয় না, সেক্ষেত্রে সাক্ষাৎকারের মাধ্যমে এই ধরনের অসুবিধা দূর করা যেতে পারে।

xi) জীবনমুখী সমাধান সম্ভব (A problem into life pattern is possible) :—

সাক্ষাৎকারী ব্যক্তিগত সম্পর্কের ভিত্তিতে প্রশ্নকর্তা বা গবেষক উত্তরদাতার চরিত্র সাধারণ জীবনযাপনের প্রণালী ইত্যাদি সম্পর্কে সঠিকভাবে অবগত হতে পারেন।

Scanned with CamScanner

xii) নির্ভরযোগ্য তথ্য (Reliable information) :—

সঠিক পদ্ধতিতে বা উপযুক্ত পরিবেশে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রাপ্ত তথ্য অনেক বেশী নির্ভরযোগ্য হয়।

⊘ Disadvantages of interview :—

সাক্ষাৎকারের এত কিছু সুবিধা হওয়া সত্ত্বেও একথা মনে রাখতে হবে যে, পরিবেশটি এমনভাবে রচনা করতে হবে, যাতে করে উত্তরদাতার মনে কখনোই প্রশ্নকর্তা বা গবেষক সম্পর্কে কোনোরূপ সন্দেহ না হয়, তাহলেই বলা যায় যে সাক্ষাৎকার পদ্ধতির কতগুলি অসুবিধা রয়েছে।

i) পরিবেশ এবং ব্যক্তির প্রভাব (Impact of enviorment and individual) :—

সাক্ষাৎকারের মাধ্যমে গবেষক উত্তরদাতার উপর কোন প্রভাব বিস্তার করে থাকেন, যার ফলে সাক্ষাৎকারের পরিবেশটি নষ্ট হয় এবং সঠিক তথ্যাবলী আহরণ করা যায় না।

ii) ব্যয়সাপেক্ষ (Costly) :—

অনেক সময় সাক্ষাৎকার প্রণালীটি এত ব্যয়বহুল হয় যে, গবেষণার তথ্য সংগ্রহে তা বাধার সৃষ্টি করে।

iii) ভুল তথ্যের পরিবেশন (Biased information) :—

সাক্ষাৎকারের মাধ্যমে এটাও লক্ষ্য করা গেছে যে, ব্যক্তি কোনোরকমভাবে তার উত্তর দিয়ে থাকেন, যার কোনো যথার্থতা নেই, ফলে তথ্যগুলি ভুল হয়ে যায়।

iv) সময়সাপেক্ষ ব্যাপার (Time consuming) :—

বিভিন্ন ব্যক্তি তথ্য সংগ্রহের জন্য ভিন্ন প্রতিষ্ঠান থেকে যথেষ্ট সময় ব্যয় করে থাকে, অর্থাৎ এটি সময়সাপেক্ষ ব্যাপার।

v) বিশেষজ্ঞের প্রয়োজন (Experts) :—

নিখুঁত ভাবে তথ্য সংগ্রহ করতে হলে, তথ্য সংগ্রহকারীকে বা সাক্ষাৎকারীকে যথেষ্ট প্রশিক্ষণ দিতে হয়, সেই জন্য বিশেষজ্ঞের একান্ত প্রয়োজন।

vi) মানসিকতা (Mentality) :—

সাক্ষাৎকারী বা গবেষক উত্তরদাতার মানসিকতা বা অবস্থা যদি কোনো রকমের হয় তাহলে যে তথ্য সংগৃহীত হবে, তা ত্রুটিপূর্ণ এবং অনেক বিষয় বহির্ভূত।

⊘ Applications / Importance of Interview :—

সাক্ষাৎকার কৌশলটি গবেষণা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলীর উদ্দেশ্যে ব্যবহৃত হয়, যেমন —

1) নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহের জন্য এই সাক্ষাৎকার কৌশলটি গবেষণার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

2) বেশ নির্ভরযোগ্য ক্ষেত্রে এর গুরুত্ব অপরিসীম।

3) কাজের সাধারণ তথ্যগুলি বা অভ্যাসগুলি পর্যবেক্ষণের জন্য এর গুরুত্ব রয়েছে।

4) শিশু, নিরক্ষর, হীনবুদ্ধিসম্পন্ন এবং বিকৃতমস্তিষ্ক ব্যক্তিদের ক্ষেত্রে তথ্য সংগ্রহের জন্য এর প্রয়োজনীয়তা খুব বেশী।

5) গবেষণা বা অন্যান্য কাজে যারা লিখিত তথ্য দিতে চান না, সেক্ষেত্রে সাক্ষাৎকার অতি প্রয়োজনীয়।

6) শিক্ষাক্ষেত্রে এর প্রয়োজনীয়তা যথেষ্ট, যেমন — শ্রেণীকক্ষে উদ্ভূত সমস্যাগুলি সমাধানের

Scanned with CamScanner